ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪ ৩৫৫৫৪

তারিখঃ ১২ আশ্বিন ১৪৩২ / ২৭ সেপ্টেম্বর ২০২৫

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশি স্থায়ী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
	কর্মকর্তা		
০১	**উপ- পরিচালক** (পরিকল্পনা ও উন্নয়ন অফিস) বেতনস্কেলঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) বয়সঃ অনূর্ধ্ব ৪০ বছর	১টি	১. প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট/ আরবান রুরাল প্ল্যানিং বিষয়ে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান) ডিগ্রি সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। ৩. সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) হিসেবে মোট ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে সংশ্লিষ্ট বিভাগে সহকারী পরিচালক বা সমমান (৭ম গ্রেড) পদে ন্যূনতম ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪. ডিপিপি প্রস্তুতের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ৫. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যাবহারে দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০২	**ডাটাবেজ এডমিনিস্ট্রেটর** বেতনস্কেলঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) বয়সঃ অনূর্ধ্ব ৪০ বছর	১টি	১. প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। ৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত /স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থায় সহকারী প্রোগ্রামার/ ডাটাবেজ প্রোগ্রামার (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব পদে মোট ০৮ (আট) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ডেটাবেজ প্রোগ্রামার/প্রোগ্রামার/ (৬ষ্ঠ গ্রেড)/সমমানের পদে নূন্যতম ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪. প্রার্থীকে অবশ্যই Database Design, Database Programming, Cyber security এ দক্ষ হতে হবে।
০৩	**প্রোগ্রামার** বেতনস্কেলঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) বয়সঃ অনূর্ধ্ব ৩৫ বছর	১টি	১. প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং)/ স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। ২. প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। ৩. পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থায় সহকারী প্রোগ্রামার/ সহকারী ডেটাবেজ প্রোগ্রামার/ লানিং ম্যানেজার বা সমমানের (৯ম গ্রেড) কর্মকর্তা হিসেবে আইসিটি সেবা অফিস বা প্রোগ্রামিং সংশ্লিষ্ট কাজে নূন্যতম ০৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	**ওয়েবমাস্টার** বেতনস্কেলঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) বয়সঃ অনূর্ধ্ব ৩৫ বছর	১টি	১. প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং)/ স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। ২. প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। ৩. পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থায় সহকারী প্রোগ্রামার/ সহকারী ডেটাবেজ প্রোগ্রামার/ লানিং ম্যানেজার বা সমমানের (৯ম গ্রেড) কর্মকর্তা হিসেবে আইসিটি সেবা অফিস বা প্রোগ্রামিং সংশ্লিষ্ট কাজে নূন্যতম ০৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
০৫	**সহকারী কম্পিউটার প্রোগ্রামার** বেতনস্কেলঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) বয়সঃ অনূর্ধ্ব ৩২ বছর	৩ টি	১. প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ সাইবার সিকিউরিটি ইঞ্জিনিয়ারিং/ সমমান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং)/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। ২. প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। ৩. লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, এডুকেশন ক্লাউড, এডুকেশন ইআরপি, অনলাইন শিক্ষা, বিশ্ববিদ্যালয় অটোমেশন, দূরশিক্ষন বিষয়ে উচ্চতর ডিগ্রি প্রশিক্ষন যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
	মোট পদঃ	৭টি	

শর্তাবলিঃ

১. আগ্রহী প্রার্থীদের আগামী ৩১/১০/২০২৫ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ২৮/০৯/২০২৫ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

২. প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রঙিন স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।

৩. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস/ ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।

৪. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৫. আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।

৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. গত ২৬/০৬/২০২৪ তারিখ, স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪.১১৬৫ এর প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি-এ সহকারী কম্পিউটার প্রোগ্রামার, বেতনস্কেলঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) এর ১টি পদে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

৮. প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ৩০/১২/২০২৪ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে গ্রেড-৯ বা তদূর্ধ্ব পদের জন্য ২০০/-(দুইশত) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ পাওয়া যাবে)।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতির সর্বশেষ সরকারি আদেশ/ প্রজ্ঞাপন বিবেচিত হবে।

১০. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

১১. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১২. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

১৩. পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।

১৪. নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে **০৯৬৬৬৭৭৫৫৩৪** নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪ · ৬৫৮৪

তারিখঃ ১২ আশ্বিন ১৪৩২ / ২৭ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
২. ট্রেজারার মহোদয়ের দপ্তর, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৩. সকল দপ্তর/বিভাগ/অফিস প্রধান, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৪. অফিস ফাইল/ গার্ড ফাইল, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৫. সকল নোটিশ বোর্ড, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।

(সৈয়দ হাসিবুল আখফার)
সহকারী রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ